

🗏 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:২৫

া আরবি মূল আয়াত:

قَالَ فِيهَا تَحيَونَ وَ فِيهَا تَمُوتُونَ وَ مِنهَا تُخرَجُونَ ﴿٢٥﴾

তিনি বললেন, 'তোমরা তাতে জীবন যাপন করবে এবং তাতে মারা যাবে। আর তা থেকে তোমাদেরকে বের করা হবে'। — আল-বায়ান

বললেন, 'ওখানে তোমরা জীবন যাপন করবে, ওখানেই তোমাদের মৃত্যু হবে, আর তাথেকেই তোমাদেরকে বের করা হবে।' — তাইসিরুল

তিনি বললেনঃ সেই পৃথিবীতেই তোমরা জীবন যাপন করবে, সেখানেই তোমাদের মৃত্যু সংঘটিত হবে এবং সেখান হতেই তোমাদেরকে পুনরুখিত করা হবে। — মুজিবুর রহমান

He said, "Therein you will live, and therein you will die, and from it you will be brought forth." — Sahih International

- ২৫. তিনি বললেন, সেখানেই তোমরা জীবন যাপন করবে এবং সেখানেই তোমরা মারা যাবে। আর সেখান থেকেই তোমাদেরকে বের করা হবে।(১)
 - (১) ইবন কাসীর বলেন, এ আয়াতের অর্থ অন্য আয়াতের মত, যেখানে এসেছে, "আমরা মাটি থেকে তোমাদেরকে সৃষ্টি করেছি, তাতেই তোমাদেরকে ফিরিয়ে দেব এবং তা থেকেই পুনর্বার তোমাদেরকে বের করব।" [সূরা ত্বা-হাঃ ৫৫]

তাফসীরে জাকারিয়া

(২৫) তিনি বললেন, 'সেখানেই তোমরা জীবন যাপন করবে, সেখানেই তোমাদের মৃত্যু হবে এবং সেখান হতেই তোমাদের বের করে আনা হবে।'

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=979



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন